রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Pirojpur Science and Technology University

Website : www.prstu.ac.bd

স্মারক : পিবিপ্রবি/রেজি:দ:/ক্যান্টিন বরাদ্দ/২০২৬/৯২০

তারিখ : ৩১ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

# ক্যান্টিন বরাদ্দের বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক ভাড়াকৃত স্থানে (টিনশেড বাড়িতে) ক্যান্টিন পরিচালনার জন্য বরাদ্দ প্রদান করা হবে। ক্যান্টিন পরিচালনায় আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে বিস্তারিত বিজ্ঞপ্তির শর্তাবলি অনুসরণপূর্বক আগ্রহব্যক্তকরণপত্র আগামী **২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ** অফিস সময়ের মধ্যে **(সকাল ৯:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত)** পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষিত টেন্ডার বক্সে ফেলতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত বিজ্ঞপ্তি, ক্যান্টিন পরিচালনার জন্য নির্ধারিত শর্তাবলি ও আবেদনপত্র পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.prstu.ac.bd) ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

মোঃ আহসান হাবীব
রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিস্তারিত জানতে ভিজিত করুন : www.prstu.ac.bd

**রেজিস্ট্রার দপ্তর**
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

**Office of the Registrar**
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

Website : www. prstu.ac.bd ; E-mail: registrar@prstu.ac.bd

স্মারক নং- পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/ক্যান্টিন বরাদ্দ/২০২৬/৯২৯

তারিখ : ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

## ক্যান্টিন পরিচালনার বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাড়াকৃত ক্যান্টিন পরিচালনার জন্য অভিজ্ঞ ও যোগ্য খাদ্য/ক্যান্টিন পরিচালনাকারী প্রতিষ্ঠান থেকে সিলগালাকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত শর্তাবলি অনুসরণপূর্বক দরপত্র আগামী ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

## দরপত্রের শর্তাবলি

১) আবেদনকারীকে প্রয়োজনীয় কাগজপত্র (হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, টিন সনদসহ আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র, ব্যাংক স্বচ্ছলতার সনদ/ব্যাংক বিবরণী, কোন শিক্ষা প্রতিষ্ঠানে ক্যান্টিন পরিচালনার অভিজ্ঞতার সনদ/প্রত্যয়নপত্র, জাতীয় পরিচয়পত্র, দুই কপি ছবি, খাদ্য সরবরাহকারী হিসেবে অভিজ্ঞতার প্রত্যয়নপত্র) দাখিল করতে হবে।

২) আবেদনকারী প্রতিষ্ঠানকে আলাদা ২টি খামে (ক) ১টি কাগজপত্রসহ ভাড়া গ্রহণের আগ্রহব্যক্তকরণপত্র এবং (খ) ১টি আর্থিক প্রস্তাব) প্রস্তাব দাখিল করতে হবে। যে সকল প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠান যথাযথ কাগজপত্র দাখিল করবে সে সকল প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহকে কারিগরীভাবে যোগ্য ঘোষণা করা হবে এবং তাদের আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হবে। কোন প্রতিষ্ঠান কারিগরিভাবে যোগ্য না হলে সেই প্রতিষ্ঠানের আর্থিক প্রস্তাব উন্মুক্ত না করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফেরত প্রদান করা হবে।

৩) নির্বাচিত দরদাতাকে প্রাথমিকভাবে ১ (এক) বছরের জন্য চুক্তিবদ্ধ হতে হবে, সন্তোষজনক কার্যসম্পাদনের ভিত্তিতে চুক্তির মেয়াদ নবায়নের বিষয়ে বিবেচনা করা হবে।

৪) ক্যান্টিনে স্বাস্থ্যকর পরিবেশে খাবার সংরক্ষণ করতে হবে এবং মানসম্মত খাবার পরিবেশন করতে হবে। কোনো রাজনৈতিক কার্যক্রম ও রাষ্ট্র বিরোধী কার্যক্রম, মিছিল, মিটিং ক্যান্টিন এলাকায় নিষিদ্ধ থাকবে।

৫) নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের সময় ২০,০০০/- (বিশ হাজার মাত্র) টাকা সিকিউরিটি জামানাত বাবদ জমা প্রদান করতে হবে।

৬) আসবাবপত্র, চেয়ার, টেবিল বিশ্ববিদ্যালয় হতে সরবরাহ করা হবে। পানি ও বিদ্যুৎ, কাপ, প্লেটসহ অন্যান্য নিত্য ব্যবহার্য সকল জিনিসপত্র নিজ দায়িত্বে সরবরাহ করতে হবে। ক্যান্টিন পরিচালনাকালীন সকল প্রকার রক্ষণাবেক্ষণ (মেরামত, বিদ্যুৎ, স্যানিটেশন, পরিচ্ছন্নতা ইত্যাদি) নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে।

৭) ক্যান্টিনে সরবরাহকৃত খাদ্যের মান, পরিবেশন, স্বাস্থ্যবিধি ও মূল্য সংক্রান্ত বিষয় বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত/অনুমোদিত মূল্য তালিকা ক্যান্টিনে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

৮) ক্যান্টিনের খাবারের দাম প্রচলিত বাজারদরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

Office of the Registrar
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

Website : www. prstu.ac.bd ; E-mail: registrar@prstu.ac.bd

৯) বিনা অনুমতিতে বিশ্ববিদ্যালয়ের কোন মালামাল ক্যান্টিনে ব্যবহার ও ক্ষয়ক্ষতি করা যাবে না।

১০) নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের নির্দেশনা অনুসরণপূর্বক ক্যান্টিন পরিচালনা করতে হবে।

১১) বিশ্ববিদ্যালয়ের একটি কমিটি নিয়মিতভাবে ক্যান্টিন মনিটরিং করবেন।

১২) পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতীত যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**অন্যান্য শর্ত**

১) সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানের সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ৩০০.০০ (তিনশত মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদিত হবে।

২) ক্যান্টিন বরাদ্দ পেতে আগ্রহীদের মধ্যে থেকে সর্বোচ্চ মাসিক ভাড়া প্রস্তাবকারী ও বৈধ প্রয়োজনীয় কাগজপত্রের অধিকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদনের জন্য মনোনীত করা হবে। মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের পূর্বে ২০,০০০/- (বিশ হাজার মাত্র) টাকা ফেরতযোগ্য জামানত হিসেবে ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

৩) চুক্তিপত্র স্বাক্ষরের পর ক্যান্টিন পরিচালনার জন্য অনুমতিপত্র গ্রহণ করতে হবে। অনুমতি পত্রে উল্লিখিত তারিখ থেকে চুক্তির কার্যকারিতা শুরু হবে।

৪) ক্যান্টিনের সার্বিক পরিবেশ উন্নয়নের জন্য বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণপূর্বক প্রয়োজনীয় অস্থায়ী অবকাঠামো নির্মাণ বা সংস্কার কাজ করতে পারবেন।

৫) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংস্কার বা নির্মাণ কাজ চুক্তি স্বাক্ষরের পূর্বে করে দিবেন।

৬) পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ক্যান্টিন পরিচালনার বিস্তারিত নির্দেশনা অনুসরণ করতে হবে (কপি সংযুক্ত)।

৭) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যান্টির পরিচালনার স্বার্থে প্রয়োজনে যৌক্তিক যেকোন শর্তারোপ করতে পারবে।

(মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

Office of the Registrar
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

Website : www. prstu.ac.bd ; E-mail: registrar@prstu.ac.bd

---

**ক্যান্টিন পরিচালনার আগ্রহব্যক্তকরণপত্র**

তারিখ :

বরাবর
রেজিস্ট্রার
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

**বিষয় : ক্যান্টিন পরিচালনার নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির জন্য আগ্রহব্যক্তকরণপত্র।**

জনাব
সম্মানপূর্বক নিবেদন এই যে, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক ভাড়াকৃত স্থানে ক্যান্টিন পরিচালনার জন্য প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আমরা আমাদের প্রতিষ্ঠান কর্তৃক ক্যান্টিন পরিচালনায় আগ্রহ প্রকাশ করছি। আমরা এই মর্মে ঘোষণা করছি যে, দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল শর্তাবলি আমরা/আমাদের সম্পূর্ণরূপে অবগত এবং তা যথাযথভাবে অনুসরণ করতে বাধ্য থাকবো। এই প্রস্তাবের সাথে প্রয়োজনীয় সকল বৈধ কাগজপত্র সংযুক্ত করা হলো।

অতএব, আমরা/আমাদের প্রতিষ্ঠানের নামে ক্যান্টিন পরিচালনার জন্য বরাদ্দ প্রদানের লক্ষ্যে বিশেষভাবে অনুরোধ করছি।

**প্রতিষ্ঠানের নাম** :..................................................................................................................
**ঠিকানা** : ..................................................................................................................
**মোবাইল নম্বর** : ..................................................................................................................
**রেফারেন্স নং** : ..................................................................................................................

**সংযুক্ত কাগজপত্র :**

১. হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স;
২. ভ্যাট রেজিস্ট্রেশন ডকুমেন্ট;
৩. টিন সনদসহ আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র;
৪. ব্যাংক সচ্ছলতার সনদ/ব্যাংক বিবরণী;
৫. কোন শিক্ষা প্রতিষ্ঠানে ক্যান্টিন পরিচালনার অভিজ্ঞতার সনদ/প্রত্যয়নপত্র;
৬. জাতীয় পরিচয়পত্র;
৭. দুই কপি ছবি (সত্যায়িত);
৮. সরবরাহকারী (খাদ্য) হিসেবে অভিজ্ঞতা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

সকল কাগজপত্র দাখিল না করা হলে আর্থিক প্রস্তাব খোলা হবেনা।

**রেজিস্ট্রার দপ্তর**
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

**Office of the Registrar**
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

Website : www. prstu.ac.bd ; E-mail: registrar@prstu.ac.bd

---

## আর্থিক প্রস্তাব

তারিখ :

বরাবর
রেজিস্ট্রার
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

**বিষয় : ক্যান্টিন পরিচালনার নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির দরপত্র প্রস্তাব।**

জনাব
সম্মানপূর্বক নিবেদন এই যে, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক ভাড়াকৃত স্থানে ক্যান্টিন পরিচালনার জন্য প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আমরা আমাদের প্রতিষ্ঠান কর্তৃক ক্যান্টিন পরিচালনায় আগ্রহ প্রকাশ করছি। ক্যান্টিন পরিচালনার জন্য আমার/আমাদের প্রতিষ্ঠানের আর্থিক প্রস্তাব নিম্নরূপ :

প্রস্তাবিত মাসিক ভাড়া : কথায় :

বাৎসরিক ভাড়া : কথায় :

জামানত : ২০,০০০/- (বিশ হাজার) টাকা (যা চুক্তি স্বাক্ষরের পূর্বে ফেরতযোগ্য জামানত হিসেবে ব্যাংক ড্রাফটের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে)।

আমরা এই মর্মে ঘোষণা করছি যে, দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল শর্তাবলি আমরা/আমাদের সম্পূর্ণরূপে অবগত এবং তা যথাযথভাবে অনুসরণ করতে বাধ্য থাকবো। এই প্রস্তাবের সাথে প্রয়োজনীয় সকল বৈধ কাগজপত্র (অভিজ্ঞতা সনদ ইত্যাদি) সংযুক্ত করা হলো।

অতএব, আমি/আমাদের প্রতিষ্ঠানের নামে ক্যান্টিন পরিচালনার জন্য বরাদ্দ প্রদানের লক্ষ্যে বিশেষভাবে অনুরোধ করছি।

**প্রতিষ্ঠানের নাম** :.....................................................................
**ঠিকানা** : .....................................................................
**মোবাইল নম্বর** : .....................................................................
**রেফারেন্স নং** :.....................................................................

অবশ্যই সিলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে।